

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৭৫

💵 আরবি মূল আয়াত:

وَ مَا مِن غَآئِبَةٍ فِي السَّمَآءِ وَ الأرضِ إِلَّا فِي كِتُبٍ مُّبِينٍ ﴿٧٥﴾

🗚 অনুবাদসমূহ:

আর আসমান ও যমীনে এমন কোন গোপন বিষয় নেই যা সুস্পষ্ট কিতাবে লিপিবদ্ধ নেই। — আল-বায়ান আকাশে আর যমীনে এমন কোন অদৃশ্য বিষয় নেই যা সুস্পষ্ট কিতাবে নেই। — তাইসিরুল আকাশে ও পৃথিবীতে এমন কোন গোপন রহস্য নেই যা সুস্পষ্ট কিতাবে নেই। — মুজিবুর রহমান

And there is nothing concealed within the heaven and the earth except that it is in a clear Register. — Sahih International

৭৫. আর আসমান ও যমীনে এমন কোন গোপন রহস্য নেই, যা সুস্পষ্ট কিতাবে নেই।

তাফসীরে জাকারিয়া

(৭৫) আকাশে ও পৃথিবীতে এমন কোন রহস্য নেই যা সুস্পষ্ট গ্রন্থে লিপিবদ্ধ নেই। [1]

[1] 'সুস্পষ্ট গ্রন্থ' বলতে 'লওহে মাষ্ফূয'কে বুঝানো হয়েছে। সমূহ অদৃশ্যের সংবাদের মধ্যে আযাবের জ্ঞানও শামিল যার ব্যাপারে কাফেররা তাড়াহুড়া করছে। কিন্তু তার সময়ও লওহে মাহফূযে লিপিবদ্ধ আছে। যা শুধুমাত্র আল্লাহই জানেন। আর যখন সে সময় এসে পড়ে, যা তিনি কোন জাতির ধ্বংসের জন্য লিপিবদ্ধ করে রেখেছেন তখন সে জাতিকে ধ্বংস করে দেওয়া হয়়। অতএব নির্দিষ্ট সময়ের আগে তারা কেন তাড়াহুড়া করছে?

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=3234

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন